বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস ( বি এস পি ) এর ২০২৪-২০২৫ সেশনের কার্যনির্বাহী পরিষদের বারো তম

(১২তম ) সভার কার্যবিবরনি

সভাপতি: অধ্যাপক ডাঃনাসিম জাহান ( সম্মানীত সভাপতি বি এস পি )

সভার তারখি ০৬/০১/২০২৫ ইং

সভার সময়: সন্ধ্যা ৮:০০ ঘটিকা

সভার স্থান : অনলাইন জুম মিটিং

সভায় উপস্থিত: ১৬ জন (হাজিরা কপি সংযুক্ত)

সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান ম্যাডাম দেশের বাহিরে থাকায় নেটওয়ার্ক বিঘ্নের কারণে যোগদানে ব্যর্থ হন। সভাপতি অধ্যাপক ডাঃ নাসিম জাহান ম্যাডাম টেলিফোনের মাধ্যমে অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম কে সভার কার্যক্রম চালোনার দায়িত্ব দেন । শুরুতেই অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম সবাইকে নতুন বছরের শুভেচ্ছা জানান। এরপর সাধারণ সম্পাদক বিগত সভার কার্যবিবরণী পাঠ করে শুনান । বিনা আপত্তিতে সভায় তাহা গৃহীত হয়।

সভায় নিম্নের বিষয় আলোচনা করা হয়

১। বার্ষিক সাধারণ সভা (AGM ) ২০২৫ আয়োজন

২। SAAP - IX এ অংশগ্রহণের অভিজ্ঞতা

৩।Teachers benefit subcommittee এর কাজ

৪। বিবিধ

০১। বার্ষিক সাধারণ সভা ২০২৫ আয়োজন:

ক। ফী নির্ধারণ : অধ্যাপক ডাঃ নাসিম জাহান টেলিফোন বার্তায় ডাঃ রুহানি কে abstract জমার last date ৩১ শে জানুয়ারি, রেজিস্ট্রেশন ফী জমা ১৫ ই ফেব্রুয়ারী এবং রেজিস্ট্রেশন ফী ১০০০ টাকা প্রস্তাব করেন। অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম বলেন, flyer তৈরি হলে হোয়াটস্যাপ এ পাঠানো হলে প্রিন্ট করে সবার ডিপার্টমেন্টে লাগাতে হবে। ডাঃ ইফফাত জাহান সকল VP দের অনুরোধ করেন নিজের ডিভিশনের মেডিকেল কলেজে পোস্টার লাগানোর দায়িত্ব নিতে। ডাঃ ইফফাত জাহান AGM এর সব কাজ সবাইকে ভাগ করে নিতে বলেন।

রেজিস্ট্রেশনের জন্য একটি google form তৈরি করা হয়েছে ডাঃ নাদিয়ার বিকাশ নাম্বার দিয়ে এবং abstract জমার জন্য অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম এর email দেয়া হবে। সবাইকে abstract জমার জন্য অনুপ্রাণিত করা হয়।

অধ্যাপক ডাঃ চন্দ্রা ম্যাডাম জানতে চান post graduate student দের রেজিস্ট্রেশন ফী ১০০০ টাকা কিনা। এসময় অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম বলেন, মানিকগঞ্জ এর বাস rent ও প্রোগ্রামের সকল খরচ বিবেচনা করে সবার জন্য ফী ১০০০ টাকা করতে। অধ্যাপক ডাঃ রোকেয়া ম্যাডাম রেজিস্ট্রেশন ফী সবার জন্য একই রাখতে বলেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম, ডাঃ ইফফাত জাহান কে দায়িত্ব দেন যারা BSP সাবস্ক্রিপশন ফি দিয়েছে তাদের নাম souvenir এ লিস্ট করে লিপিবদ্ধ করতে।

অধ্যাপক ডাঃ রোকেয়া ম্যাডাম জানান যে সংবিধান অনুযায়ী যারা পর পর দুই বার সাবস্ক্রিপশন ফী দিবে না তাদের BSP মেম্বারশিপ বাতিল হবে।

অধ্যাপক ডাঃ রোকেয়া ম্যাডাম আরও জানান, BSP ২২/২৩ সেশন ঢাকা ডিভিশন ছাড়া অন্য ডিভিশনের প্রায় ৯৮% ফী উঠেছে, সবাইকে রেজিস্ট্রেশন ফী এর আগে সাবস্ক্রিপশন ফি প্রদান করতে হবে, নয়তো AGM এ অংশগ্রহণ করতে পারবে না।

ডাঃ রুহানি সাবস্ক্রিপশন ফী জমার একটি তারিখ দিয়ে নোটিশ দেয়ার পরামর্শ দেন।

অধ্যাপক ডাঃ রোকেয়া ম্যাডাম সংবিধানের মেম্বারশিপ বাতিলের ধারা সহ পাতাটি নোটিশর সাথে সংযুক্ত করতে বলেন।

ডাঃ নীলুফার রহমান সকল মেম্বারদের BSP এর গঠণতন্ত্র পড়ার অনুরোধ করেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম সবাইকে অ্যাড জোগার করার অনুরোধ করেন।

২। SAAP - IX এ অংশগ্রহণের অভিজ্ঞতা

ডাঃ রুহানি, ডাঃ নাদিয়া ও ডাঃ আসফাক এই দুইজন কে SAAAP -IX এর অভিজ্ঞতার কথা জানাতে বলেন। ডাঃ নাদিয়া জানান যে পাকিস্তানের স্বাগত জানানো, আয়োজন, অ্যাপ্পায়ন সবই অনেক প্রশংসণীয় ছিল।

ডাঃ নাদিয়া জানান, ডাঃ সামিনা মালিক নিজেই ডাঃ নাদিয়া কে ডেকে অধ্যাপক ডাঃ নুরজাহান ম্যাডাম ও অধ্যাপক ডাঃ রুহুল আমিন এর পক্ষে লাইফটাইম অ্যাওয়ার্ড গ্রহণ করতে বলেন।

SAAP এ সাবক্রিপশন ফী নিয়ে অন্যান্য দেশের ঝামেলা চললেও বাংলাদেশের অবস্থান ভালো ছিল। সব দেশ অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডামকে সেক্রেটারি হওয়ার পক্ষে রায় দিলেও অধ্যাপক ডাঃ রুহুল আমিন স্যার BSP এর বিপক্ষে কথা বলেন। পরবর্তীতে ডাঃ নাদিয়া, ডাঃ রুহানি ও ডাঃ নাসিম জাহান BSP এর পক্ষে যুক্তি দেখান।

এই আলোচনার পর অধ্যাপক ডাঃ নীলুফার রহমান সব VP দের কাছে এই ব্যাপারে মন্তব্য করতে বলেন।

প্রথমে ডাঃ মিজানুর রহমান বলেন যে একজন সিনিয়র ফিজিওলজি স্যার এর মতামত আমরা কন্ট্রোল করতে পারবো না কিন্তু আমরা আমাদের সোসাইটির কাজ ভালোভাবে করে যাবো।

এরপর ডাঃ গোলাম মওলা অধ্যাপক ডাঃ রুহুল আমিন স্যারের মন্তব্যে দুঃখ প্রকাশ করেন ও অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডামকে অভিনন্দন জানান।

অধ্যাপক ডাঃ চন্দ্রা ম্যাডাম,অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডামকে অভিনন্দন জানিয়ে BSP নির্বাচনের প্রমান SAAP মেম্বারদের সাথে শেয়ার করতে বলেন। এরই সাথে তিনি ডাঃ নাদিয়া, ডাঃ ইফফাত, ডাঃ আসফাক, ডাঃ রুহানি কে BSP এর যোগ্য উত্তরসূরি বলে মন্তব্য করেন।

ডাঃ সোহেল বকস,অধ্যাপক ডাঃ রুহুল আমিন স্যারের পাকিস্তানে গিয়ে BSP এর বিপক্ষে ভিত্তিহীন কথা বলায় দুঃক্ষপ্রকাশ করেন।

ডাঃ নাদিয়া SAAP -IX এর অনলাইন রেজিস্ট্রেশন এর টাকা redistribution করা হয়েছে বলে জানান ।

৩।Teachers benefit subcommittee এর কাজ

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম examiner লিস্ট নিয়ে যে অসুবিধা তৈরি হয়েছে সেটা সমাধানের ব্যবস্থা নিতে বলেন।

৪। বিবিধ :

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা ম্যাডাম ২০২৫ সালের মাঝে new curriculum অনুযায়ী written, viva ও practical question complete করার উপর জোর দেন। এই রকম question গুলো নিয়ে ক্লাসে আলোচনা করতে বলেন। SBA, SEQ, OSPE, SAQ, laboratory এরকম বিভিন্ন গ্রুপের এর অন্তর্ভুক্ত বিভিন্ন subgroup করে সব মেম্বারদের কাজ করতে বলেন।

ডাঃ Ruhani নিজেই group title ও subgroup তৈরি করার দায়িত্ব নেন।

অধ্যাপক ডাঃ নাইমা সুলতানা জানান, যে উনি DGME তে দেখা করেছেন ও কথা বলেছেন টিচার্স ট্রেনিং এর ব্যাপারে। তিনি জানান DGME এর ওয়েবসাইটে বিভিন্ন ট্রেনিং এর রেজিস্ট্রেশনের সুযোগ আছে। এ ব্যাপারে DGME এর ডাঃ মুন এর সাথে যোগাযোগ করতে বলেন।

টেলিফোন বার্তায় অধ্যাপক ডাঃ নাসিম জাহান ম্যাডাম পরবর্তী নির্বাচনের তারিখ ও যোগ্য candidate নির্বাচনে সবাইকে সহযোগিতা করতে বলেন।

রাত ১০:০০ টায় সকল কে ধন্যবাদ জানিয়ে ও সকলের সুস্থতা কামনা করে অধ্যাপক ডাঃ রোকেয়া ম্যাডাম সভার সমাপ্তি ঘোষণা করেন ।

সভাপতি

অধ্যাপক ডাঃ নাসিম জাহান

২০২৪-২০২৫ কার্যনির্বাহী পরিষদ

বাংলাদেশ সোসাইটি অফ ফিজিওলজিস্টস